



এনসিপিতে যুক্ত হচ্ছেন আসিফ মাহমুদ



সংগৃহীত ছবি

অন্তর্বর্তী সরকারের সাবেক উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) যোগ দিতে যাচ্ছেন। আজ সন্ধ্যায় রাজধানীতে আয়োজিত এক সংবাদ সম্মেলনে বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানানো হবে। সোমবার (২৯ ডিসেম্বর) দলটির একাধিক দায়িত্বশীল সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। এ উপলক্ষে আজ সন্ধ্যা ৬টায় রাজধানীর বাংলামোটরে অবস্থিত এনসিপির কেন্দ্রীয় কার্যালয়ে জরুরি সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। দলের দপ্তর সম্পাদক সাহেব উদ্দিন সিফাত জানান, সংবাদ সম্মেলনে এনসিপির শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন।

দলীয় সূত্রে জানা গেছে, এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম সংবাদ সম্মেলনে বক্তব্য দেবেন। একই সঙ্গে আসিফ মাহমুদ নিজেও সেখানে উপস্থিত থেকে আনুষ্ঠানিকভাবে দলটিতে যোগদানের ঘোষণা দিতে পারেন। এই যোগদানকে কেন্দ্র করে রাজনৈতিক অঙ্গনে নতুন আলোচনা শুরু হয়েছে।

LENS ASIA